গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.১৪০.১১৬.০০.০০.০০১.২০১৬-১০৮৩

তারিখঃ ২২ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ
০৭ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: আগামী ১৫ আগস্ট, ২০১৯ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি হিসেবে নির্ধারিত সময়ে ঢাকার ধানমন্ডির ৩২ এ এবং বনানী কবরস্থানে এ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা গ্রহণ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ আগস্ট, ২০১৯ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি সফল বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে ০৯/০৭/২০১৯ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর ৩.২ সিদ্ধান্তের আলোকে (কপি সংযুক্ত) আগামী ১৫ আগস্ট, ২০১৯ বৃহস্পতিবার ধানমন্ডির ৩২ এ সকাল ৬:৩০ টায় এবং বনানী কবরস্থানে সকাল ৭:৩০ টার মধ্যে অথবা কর্মসূচি দু'টির বাস্তবায়নের লক্ষ্যে এস এস এফ সমন্বয়ে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত সময়ে এসবি পাশ সংগ্রহপূর্বক অনুষ্ঠানস্থলে এ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে প্রয়োজনীয় সংখ্যক মেডিকেল টিমের ব্যবস্থা গ্রহণ এবং মেডিকেল টিমকে অনুষ্ঠানস্থলের প্যান্ডেলের নির্ধারিত স্টলে উপস্থিত থাকার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।

সংযুক্ত: বর্ণনামতে।

22/07/19

(ড. বিলকিস বেগম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা [দৃঃআঃ পরিচালক (প্রশাসন)]।
২। সিভিল সার্জন, ঢাকা।

অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়. ঢাকা।
২। সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**একই নম্বর তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্বাস্থ্য সেবা বিভাগ

প্রশাসন-১ অধিশাখা

বিষয়ঃ আগামী ১৫ আগস্ট, ২০১৯ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি সফল বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে ০৯.০৭.২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

**সভাপতি : জনাব জাহিদ মালেক, মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**তারিখ : ০৯/০৭/২০১৯ খ্রিঃ**

**সময় : বেলা ২:০০ টা**

**স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)**

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলে স্বাগত জানিয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের উপর গুরুত্ব আরোপ করেন। সভায় স্বাস্থ্য সেবা বিভাগের সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব জনাব শেখ ইউসুফ হারুন, স্বাস্থ্য ও পরিবার কল্যার মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর/সংস্থার প্রধানগণ এবং দুই বিভাগের অতিরিক্ত সচিব ও যুগ্মসচিবসহ আরো অনেকে উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ‘ক’-তে সংযোজিত।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | ১৫ আগস্ট, ২০১৯ তারিখ বৃহস্পতিবার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল প্রতিষ্ঠানের (কমিউনিটি ক্লিনিক পর্যন্ত বিস্তৃত হবে) ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং সকল অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর প্রধানগণ/ভিসি, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/অধ্যক্ষ (সকল), সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/নার্সিং কলেজ ও ইনস্টিটিউট/প্রতিষ্ঠান প্রধান, আইএইচটি/ম্যাটস |
| ২. | ধানমন্ডির ৩২-এ সকাল ৬.৩০ টায় এবং ঢাকার বনানী কবরস্থানে সকাল ৭.৩০ টার মধ্যে অথবা কর্মসূচি দু'টির বাস্তবায়নের লক্ষ্যে এস এস এফ সমন্বয়ে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত সময়ে এসবি পাশ সংগ্রহপূর্বক অনুষ্ঠানস্থলে এ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা গ্রহণ করবে ও মেডিকেল টিম অনুষ্ঠানস্থলে প্যান্ডেলের নির্ধারিত স্টলে উপস্থিত থাকবে। | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/সিভিল সার্জন, ঢাকা |
| ৩. | ১৫ আগস্ট ২০১৯ বৃহস্পতিবার সকাল ১০:০০ টায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক গার্ড অব অর্নার প্রদান এবং মোনাজাত। | সিভিল সার্জন, গোপালগঞ্জ এসবি পাশ সংগ্রহপূর্বক অনুষ্ঠানস্থলে এ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা করবেন। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/সিভিল সার্জন, গোপালগঞ্জ/অধ্যক্ষ, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ/উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, গোপালগঞ্জ নার্সিং কলেজ, গোপালগঞ্জ |
| ৪. | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে সচিবালয়ের সম্মুখে এবং ভিতরে, ঢাকা সিটির গুরুত্বপূর্ণ স্থান, বিভিন্ন দপ্তর/সংস্থার সম্মুখে জনগণের স্বাস্থ্য সম্পর্কিত বঙ্গবন্ধুর বাণী ও ছবি সম্বলিত বিলবোর্ড/প্লেকার্ড/ফ্লায়ারের মাধ্যমে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য শিক্ষা পরিবার কল্যাণ বিভাগ/স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা ব্যুরো এবং প্রশাসন-২ |
| ৫. | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সকল বিভাগ, অধিদপ্তর, দপ্তর ও সংস্থা জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচির আয়োজন করবে। | স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |

| | | |
|---|---|---|
| | হাসপাতালসমূহে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবসের আলোচনা সভা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে। | কলেজ হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন সাব সেন্টার (সকল) |
| ৭. | রক্তদান কর্মসূচি, দেয়ালিকা প্রকাশ, রচনা প্রতিযোগিতা আয়োজনসহ জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক কর্মসূচি গ্রহণ করা যেতে পারে। | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, সকল অধিদপ্তর, সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন সাব সেন্টার (সকল) |
| ৮. | সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে আয়োজিত অনুষ্ঠানে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে আবশ্যিকভাবে অংশগ্রহণ করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, সকল অধিদপ্তর, সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন সাব সেন্টার (সকল) |
| ৯. | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের পক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ব্যানারে মাননীয় মন্ত্রী এবং মাননীয় প্রতিমন্ত্রীর নেতৃত্বে ১৫ আগস্ট, ২০১৯ তারিখ বেলা ১১.৩০ টায় ধানমন্ডির ৩২ নং রোডে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। এ উপলক্ষে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণ সকাল ১১.০০ টার পূর্বেই ধানমন্ডিস্থ সোবহানবাগ **'ঢাকা ডেন্টাল কলেজ ছাত্রাবাস, সোবাহানবাগ' এর** সম্মুখে সমবেত হবেন। | স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং সকল অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর প্রধানগণ/ভিসি, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/অধ্যক্ষ (সকল), সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/নার্সিং কলেজ ও ইনস্টিটিউট/প্রতিষ্ঠান প্রধান, আইএইচটি/ম্যাটস |
| ১০. | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে শোক দিবস পালন উপলক্ষে দেশের সকল সরকারি/বেসরকারি হাসপাতালে (জেলা/উপজেলা/ইউনিয়নসহ) দিনব্যাপী বিনামূল্যে চিকিৎসা (ডায়াগনস্টিক পরীক্ষাসহ) সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোন প্রকার চিকিৎসা ফি নেয়া যাবেনা। | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ভিসি, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/অধ্যক্ষ (সকল), সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/পরিচালক (সকল)সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতাল |
| ১১. | শিক্ষার্থীদের মধ্যে দিবসটির তাৎপর্য ও গুরুত্ব তুলে ধরে স্থানীয়ভাবে আলোচনা সভা, শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসের পোষ্টার স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ভিসি, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/অধ্যক্ষ (সকল), সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/নার্সিং কলেজ ও ইনস্টিটিউট/প্রতিষ্ঠান প্রধান, আইএইচটি/ম্যাটস |
| ১২. | ১২ আগস্ট ২০১৯ ঈদুল আযহা হওয়ায় ০৮ আগস্ট ২০১৯ তারিখ ঈদের পূর্বের শেষ কর্মদিবস। এজন্য জাতীয় শোক দিবস পালনের সকল প্রস্তুতি ০৮/০৮/২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং সকল অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর প্রধানগণ/ভিসি, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/অধ্যক্ষ (সকল), সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/নার্সিং কলেজ ও ইনস্টিটিউট/প্রতিষ্ঠান প্রধান, আইএইচটি/ম্যাটস |
| ১৩. | ঢাকা শহরের ন্যায় জেলা ও উপজেলা হাসপাতাল ও কমিউনিটি ক্লিনিকে সভা-আহবান/ পরিদর্শন/ বিনামূল্যে চিকিৎসা/ রক্তদান কর্মসূচি/ পরিস্কার পরিচ্ছন্নতা/ব্যানার/প্রচার-প্রচারণা/শোক র‍্যালীর আয়োজন করতে হবে। উক্ত অনুষ্ঠানে স্থানীয় জনপ্রতিনিধিদেরকে সম্পৃক্ত করতে হবে। | বিভাগীয় পরিচালক (সকল)/পরিচালক (সকল)/সিভিল সার্জন (সকল)/উপপরিচালক (সকল)/উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন সাব সেন্টার (সকল) |
| ১৪. | জাতীয় শোক দিবসে সকল কর্মসূচি যথাযথ ভাবগাম্ভীর্য রক্ষা করে পালন করার সকলকে নির্দেশনা প্রদান করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং সকল অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর প্রধানগণ/ভিসি, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/অধ্যক্ষ (সকল), সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/নার্সিং কলেজ ও ইনস্টিটিউট/প্রতিষ্ঠান প্রধান, আইএইচটি/ম্যাটস |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
১৩-০৭-২০১৯
(জাহিদ মালেক)
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.১৩৭.১১৬.০০.০০.০০১.২০১৬-১০২৮ তারিখঃ ১৪/০৭/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপাচার্য (সকল), ...................................................................... মেডিকেল বিশ্ববিদ্যালয়।
৫। অতিরিক্ত সচিব (সকল),স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা (গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী মাঠ পর্যায় পর্যন্ত যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল),স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। পরিচালক/অধ্যক্ষ (সকল)........................................................................................
১০। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১১। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৩। সিভিল সার্জন, গোপালগঞ্জ/ঢাকা/বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা।
১৪। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল)..................................................................................
১৫। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১৮। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

১৪/৭/১৯
(শাহিনা খাতুন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
রিপোর্ট অধিশাখা
www.cabinet.gov.bd

জাতীয় শোক দিবস ২০১৯ পালন উপলক্ষে ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত
আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটির সভার কার্যপত্র

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: রেজাউল আহসান<br>অতিরিক্ত সচিব (মন্ত্রিসভা ও রিপোর্ট), মন্ত্রিপরিষদ বিভাগ |
| তারিখ ও সময় | : | ২১ জুলাই ২০১৯; বেলা ৩:০০ টা |
| সভার স্থান | : | মন্ত্রিপরিষদ সভা কক্ষ, কক্ষ নং-২২, ভবন নং-২ মন্ত্রিপরিষদ বিভাগ |

১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০১৯ পালনের নিমিত্ত ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি যথাযথভাবে আয়োজনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ০২ জুলাই ২০১৯ তারিখে আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটি গঠন করা হয়। আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০১৯ যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালন উপলক্ষ্যে উক্ত দিবসে শাহাদাতবরণকারী জাতির পিতার পরিবারের সদস্য ও অন্যান্য শহিদদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭ টা ৩০ মিনিটে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ, ফাতেহা পাঠ ও দোয়া অনুষ্ঠিত হবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগের গত ০২ জুলাই ২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.০০১.১৯.১৬০ নং স্মারকে জাতীয় শোক দিবস ২০১৯ পালনের নিমিত্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন সংক্রান্ত পত্র ও গত বছরের কর্মসূচি পর্যালোচনা এবং অভিজ্ঞতার আলোকে এ সংক্রান্ত কর্মসূচি আয়োজনের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়গুলো আলোচনার জন্য অন্তর্ভুক্ত করা হলো:

| ক্রমিক | কার্যক্রমের নাম | আলোচনা | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|---|
| ১. | পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং পবিত্র কোরআন থেকে তেলাওয়াত, ফাতেহা পাঠ ও মোনাজাত। | ১.১ পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ, পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং মোনাজাতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা। মোনাজাত পরিচালনাকারী ঈমাম নিয়োগ (এসবি পাশসহ) ও তাঁর উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে আলোচনা। | সশস্ত্র বাহিনী বিভাগ |
| | | ১.২ মোনাজাত পরিচালনার জন্য বিকল্প ঈমাম নিয়োগ (এসবি পাশসহ) ও তাঁর উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে আলোচনা। | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| | | ১.৩ পবিত্র কোরআন থেকে তেলাওয়াত, ফাতেহা পাঠ ও মোনাজাত পরিচালনায় ব্যবহারের জন্য মাইক সরবরাহ নিশ্চিত করার বিষয়ে আলোচনাসহ মাইক পরিচালনাকারীকে এসবি পাসসহ উপস্থিত রাখার বিষয়ে আলোচনা। | তথ্য মন্ত্রণালয় |
| ২. | পর্যাপ্ত সংখ্যক/পরিমাণ পুষ্পস্তবক ও পাপড়ি সরবরাহ। | ২.১ প্রয়োজনীয় সংখ্যক পুষ্পস্তবক (ন্যূনতম ৪টি) ও প্রয়োজনীয় পরিমাণ ফুলের পাপড়ি অনুষ্ঠান/কর্মসূচি শুরুর কমপক্ষে ৩ ঘণ্টা পূর্বে সশস্ত্র বাহিনী বিভাগের সংশ্লিষ্ট প্রতিনিধির নিকট হস্তান্তর করার বিষয়ে আলোচনা;<br>২.২ সরবরাহকৃত পুষ্পস্তবকগুলির মধ্যে ১টি পুষ্পস্তবক সশস্ত্র বাহিনী বিভাগের প্রতিনিধির নিকট সংরক্ষিত রাখার বিষয়ে আলোচনা। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/গণপূর্ত অধিদপ্তর, আরবরি কালচার/সশস্ত্র বাহিনী বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ৩. | অনুষ্ঠানস্থলে সার্বিক আইন-শৃঙ্খলা, ট্রাফিক নিয়ন্ত্রণ ও গাড়ি রাখা। | ৩.১ অনুষ্ঠানস্থলের সার্বিক আইন-শৃঙ্খলা, ট্রাফিক নিয়ন্ত্রণ ও গাড়ি রাখার স্থানের প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিতকরণ এবং উক্ত এলাকার দায়িত্বপ্রাপ্ত ট্রাফিক পুলিশের সংশ্লিষ্ট কর্মকর্তাকে বিশেষভাবে নির্দেশনা দেওয়ার বিষয়ে আলোচনা; | জননিরাপত্তা বিভাগ |
| | | ৩.২ কমিটির সদস্যগণ ১৫ আগস্ট সকালে দায়িত্ব পালনের জন্য অনুষ্ঠানস্থলে যাতে নির্বিঘ্নে যাতায়াত করতে পারেন সেটি নিশ্চিত করার বিষয়ে আলোচনা। | |
| | | ৩.৩ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের তালিকা (কমিটির সদস্যসহ) জননিরাপত্তা বিভাগে প্রেরণ করার বিষয়ে আলোচনা। | মন্ত্রিপরিষদ বিভাগ |
| ৪. | অনুষ্ঠানস্থলের পরিচ্ছন্নতা ও আনুষঙ্গিক প্রস্তুতি | ৪.১ অনুষ্ঠানস্থলের পর্যাপ্ত এলাকার পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ এবং প্রয়োজনবোধে চুনকাম/রং করার বিষয়ে আলোচনা;<br>৪.২ অনুষ্ঠানের দিন অনুষ্ঠানস্থলে বৃষ্টিরোধক সামিয়ানা (প্রয়োজন মোতাবেক) এবং পর্যাপ্ত সংখ্যক ছাতার ব্যবস্থা রাখার বিষয়ে আলোচনা;<br>৪.৩ বনানী কবরস্থান-অফিসে/অপেক্ষাকক্ষে প্রয়োজনীয় আসবাবপত্র, সরঞ্জাম সরবরাহ, পর্যাপ্ত লাইটিং, শীতাতপ নিয়ন্ত্রণ ও মানসম্মত টয়লেটের ব্যবস্থা (টয়লেটে প্রবেশের স্যান্ডেলসহ) নিশ্চিত করার বিষয়ে আলোচনা;<br>৪.৪ কমিটির সদস্যগণসহ দায়িত্বপ্রাপ্ত/আগত কর্মকর্তাদের বসার জন্য ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা;<br>৪.৫ অনুষ্ঠান শুরুর ২ দিন পূর্বে অর্থাৎ ১৩ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করার বিষয়ে আলোচনা। | ঢাকা উত্তর সিটি করপোরেশন |
| ৫. | মেডিক্যাল টিম গঠন ও অ্যাম্বুলেন্স এবং ফায়ার সার্ভিস টিমের উপস্থিতি | ৫.১ অনুষ্ঠানস্থলের জন্য বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিক্যাল টিম গঠনপূর্বক (এসবি পাশসহ) প্রস্তুত রাখা এবং অ্যাম্বুলেন্স সরবরাহ নিশ্চিত করার বিষয়ে আলোচনা। | স্বাস্থ্য সেবা বিভাগ |
| | | ৫.২ অনুষ্ঠানস্থলের জন্য অভিজ্ঞ সদস্যদের নিয়ে ফায়ার সার্ভিস টিম গঠনপূর্বক (এসবি পাশসহ) অগ্নিনির্বাপক গাড়িসহ উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে আলোচনা। | সুরক্ষা সেবা বিভাগ |
| ৬. | কমিটির সদস্যদের দায়িত্ব:<br>১৫ আগস্ট ২০১৯ তারিখে ঢাকার বনানী কবরস্থানে উপস্থিত থেকে প্রয়োজনীয় সমন্বয় ও সহযোগিতা | ৬.১ প্রস্তুতি গ্রহণের সুবিধার্থে কমিটির সকল সদস্য বনানী কবরস্থান পরিদর্শন করে সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে দিক-নির্দেশনা প্রদান এবং আলোচনার জন্য তারিখ ও সময় নির্ধারণের বিষয়ে আলোচনা<br>৬.২ প্রয়োজনীয় প্রস্তুতি যাচাইকল্পে কমিটির সদস্যগণ ১৪ আগস্ট ২০১৯ তারিখ মঙ্গলবার সকাল ১০ টায় বনানী কবরস্থান পরিদর্শন করার বিষয়ে আলোচনা;<br>৬.৩ কমিটির সদস্যবৃন্দকে (এসবি পাসসহ) ১৫ আগস্ট ২০১৯ তারিখ সকাল ৬ টা ৩০ মিনিট হতে | কমিটির সদস্যবৃন্দ/ মন্ত্রিপরিষদ বিভাগ/ সশস্ত্র বাহিনী বিভাগ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/ জননিরাপত্তা বিভাগ /সুরক্ষা সেবা বিভাগ ঢাকা উত্তর সিটি করপোরেশন/ জেলা প্রশাসক, ঢাকা। |

| | | | |
|---|---|---|---|
| | | কর্মসূচি শেষ না হওয়া পর্যন্ত বনানী কবরস্থানে উপস্থিত থাকার বিষয়ে আলোচনা;<br><br>৬.৪ কমিটির সদস্যদের অনুষ্ঠানস্থলে উপস্থিতি ও দায়িত্ব পালনের জন্য নিরাপত্তা পাস (এসবি পাস) সংগ্রহের নিমিত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা;<br><br>৬.৫ অনুষ্ঠানের সময় যোগাযোগের প্রয়োজনে মোবাইল ফোন ব্যবহারের জন্য কমিটির সদস্যদের নামের তালিকা ও মোবাইল নম্বর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের (এসএসএফসহ) নিকট পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা;<br><br>৬.৬ কমিটির সদস্যগণ প্রয়োজনীয় ফোন/মোবাইল নম্বরসমূহ সঙ্গে রাখার বিষয়ে আলোচনা। । | |
| ৭. | বিবিধ: | ৭.১ কমিটির সদস্যদের নির্বিঘ্নে অনুষ্ঠানস্থলে প্রবেশ ও দায়িত্ব পালনের সুবিধার্থে আলোচনার জন্য এসএসএফ-এর সঙ্গে অনুষ্ঠেয় সমন্বয় সভায় বনানী কবরস্থান সংশ্লিষ্ট কমিটির সদস্য-সচিবের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে আলোচনা। | উপসচিব<br>সাধারণ অধিশাখা<br>মন্ত্রিপরিসদ বিভাগ |
| | | ৭.২ ----- | |

বনানীতে কি কি কর্মসূচী